# Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 12 April, 2025

সামাজিক যোগাযোগমাধ্যমে অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে প্রচারণা চালানোর অভিযোগে লালমনিরহাটে নিষিদ্ধঘোষিত ছাত্রসংগঠন ছাত্রলীগের সাবেক তিন নেতাকর্মীকে আটক করেছে গোয়েন্দা পুলিশ (ডিবি)।

শুক্রবার সন্ধ্যা ও রাতে লালমনিরহাট শহরের হাসপাতাল ও জুম্মাপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, লালমনিরহাট জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি ও লালমনিরহাট সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান এরশাদুল করিম। তিনি শহরের খুটামারা এলাকার বাসিন্দা।লালমনিরহাট সদর উপজেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মোশারফ হোসেন মামুন ও সাবেক সদস্য রনি ইসলাম।তারা শহরের জুম্মাপাড়া এলাকার বাসিন্দা।

এ বিষয়ে লালমনিরহাট জেলার পুলিশ সুপার (এসপি) তরিকুল ইসলাম বলেন, 'নিষিদ্ধঘোষিত ছাত্রলীগের সাবেক এই নেতারা বর্তমান সরকারের বিরুদ্ধে প্রচার-প্রচারণা চালিয়ে আসছিলেন।আটক ভাইস চেয়ারম্যান এরশাদুল করিম আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য মতিয়ার রহমানের এপিএস ছিলেন।তার বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য, টেন্ডারবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগ রয়েছে।

লালমনিরহাট নিষিদ্ধ ছাত্রলীগ সরকারের বিরুদ্ধে প্রচারণা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 04:28

URL: https://timestodaybd.com/across-the-country/775807642